

বিমানের ৫০ বছর পূর্তির লোগো উন্মোচন আজ

- A Monitor Desk Report

Date: 20 November, 2021



মুজিববর্ষ ও বিমানের ৫০ বছরপূর্তি উপলক্ষে রাষ্ট্রীয় পতাকাবাহী সংস্থা বিমান বাংলাদেশ এয়ারলাইন্স আজ শনিবার সন্ধ্যায় বিমানের প্রধান কার্যালয় বলাকার সবুজ চত্বরে আলোচনা সভা এবং ‘বঙ্গবন্ধু ও বাংলাদেশ’ শিরোনামে এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছে। এ সময় আগামী ৪ জানুয়ারি, ২০২২ বিমানের সুবর্ণজয়ন্তী উদযাপনকে সামনে রেখে ৫০ বছর পূর্তির লোগো উন্মোচনও করা হবে। মাত্র একটি এয়ারলাইন্স নিয়ে ১৯৭২ সালের ৪ জানুয়ারি যাত্রা শুরু করা রাষ্ট্রীয় পতাকাবাহী প্রতিষ্ঠানটির বহরে বর্তমানে ২১টি এয়ারক্রাফট রয়েছে। দেশের অভ্যন্তরীণ সব রুটে ফ্লাইট চালানোর পাশাপাশি মধ্যপ্রাচ্য, দক্ষিণ এশিয়া ও ইউরোপেও পাড়ি জমিয়েছে বিমান।

বিমানের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো. মাহবুব আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিমান পরিচালনা পর্ষদের চেয়ারম্যান সাজ্জাদুল হাসান এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব মো. মোকাম্মেল হোসেন বলে জানিয়েছেন বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের উপ-মহাব্যবস্থাপক তাহেরা খন্দকার।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখবেন বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা ড. আবু সালেহ্ মোস্তফা কামাল।